১৬৫ তম সভার কার্যবিবরণী তারিখ:
২৪/০১/২০২২ খ্রি.

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ অধিদপ্তর
রাজশাহী বিভাগীয় কার্যালয়
পরিবেশভবন, নিশিন্দারা, বগুড়া
www.doe.gov.bd

মাঘ ১৪২৮

স্মারক নং-২২.০২.১০২০.২২১.০৬.০০৪.১৮ (২য় খণ্ড). তারিখ:--------------
----

জানুয়ারী ২০২২

বিষয় : **পরিবেশ অধিদপ্তর, রাজশাহী বিভাগীয় কার্যালয়ের কমলা খ-শ্রেণিভুক্ত প্রতিষ্ঠান/প্রকল্পের ছাড়পত্র বিষয়ককমিটির ১৬৫তম সভার কার্যবিবরণী**

সভাপতি : **সুফিয়া নাজিম**
পরিচালক
পরিবেশ অধিদপ্তর
রাজশাহী বিভাগীয় কার্যালয়, বগুড়া

স্থান : পরিচালক এর কক্ষ
তারিখ : ২৪/০১/২০২১ খ্রি.

সভার সদস্য হিসেবে রাজশাহী বিভাগীয় কার্যালয়ের উপপরিচালক (গবেষণাগার) ও সদস্য সচিব জনাব আসাদুর রহমান এবং সহকারী পরিচালক জনাব মুনতাসির মামুন মুন উপস্থিত ছিলেন।
সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

সভার আলোচ্য সূচি অনুযায়ী কমিটির সদস্য সচিব অবস্থানগত/পরিবেশগত ছাড়পত্রের জন্য কমলা-খ শ্রেণিভুক্ত বিভিন্ন শিল্প-কারখানার আবেদন, প্রস্তাবনা/নথিসমূহ সভায় উপস্থাপন করেন। সভায় উপস্থিত সদস্যবৃন্দ উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইএমপি/আইইই প্রতিবেদন, বিভাগীয়/সংশ্লিষ্ট জেলা অফিসের পরিদর্শন প্রতিবেদন এবং প্রতিষ্ঠান/প্রকল্পের অবস্থান এবং এ বিষয়ে সংশ্লিষ্ট অফিস প্রধানের মতামত/সুপারিশ পর্যালোচনা করেন। উপস্থাপিত বিভিন্ন কাগজপত্র, প্রতিবেদন, শিল্পভিত্তিক আলোচনা এবং প্রদত্ত তথ্যাবলী পর্যালোচনার পর নিম্নরুপ সুপারিশ ও সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ

ক) সুপারিশকৃত শিল্প/প্রকল্পসমূহঃ অবস্থানগত ছাড়পত্র

ক্র. নং	শিল্প প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ও নথি নং	গৃহীত সিদ্ধান্ত
১.	লিজাটাওয়ার ০৯ তলা বিশিষ্ট আবাসিক কাম বানিজ্যিক ভবন সাং- চকফরিদ কলোনী, সদর, বগুড়া। অটোমেশন নং-১০৭৮৮৩ কার্যক্রমঃ বহুতল আবাসিক কাম বানিজ্যিক ভবন	উদ্যোক্তাকর্তৃকদাখিলকৃত আবেদনপত্র, আইইই প্রতিবেদন, অন্যান্য কাগজপত্র ও পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট দপ্তরের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে অত্র দপ্তর কর্তৃক নিম্নবর্ণিত বিশেষ শর্তের সাথে বিধি অনুযায়ী প্রযোজ্য ও প্রচলিত শর্ত আরোপ করে অবস্থানগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়ঃ ক) প্রকল্পের কোন কর্মকান্ড ও নির্মাণ প্রক্রিয়া দ্বারা কোনভাবেই পরিবেশ দূষণ করা যাবেনা । খ) প্রকল্পের নির্মাণ কাজে সৃষ্ট সকল বর্জ্য পরিকল্পিত উপায়ে সংগ্রহপূর্বক পরিবেশসম্মতভাবে অপসারণের ব্যবস্থা নিশ্চিত করতে হবে। এছাড়া প্রকল্প এলাকায় ভবন নির্মাণ চলাকালীন উপযুক্ত নিরাপদ বেষ্টনী গড়ে তুলে পথচারীদের নির্বিঘ্নে চলাচল নিশ্চিত করতে হবে। গ) এ ছাড়পত্রের ভিত্তিতে ভবনে গ্যাস ও বিদ্যুৎ সংযোগ গ্রহণ করা যাবে। তবে ভবন নির্মাণ সমাপ্ত হওয়ার পরেঅবশ্যই পরিবেশগত ছাড়পত্র গ্রহণ করতে হবে। ঘ) ভবনের পার্কিং স্পেসসহ বিল্ডিং কন্সট্রাকশন কমিটি কর্তৃক অনুমোদিত নক্সা অনুযায়ী ভবন নির্মাণ করতে হবে। ঙ) সম্মুখস্থ রাস্তার সর্বনিম্ন প্রশস্থতা ইমারত নির্মাণ বিধিমালা, ১৯৯৬ এর বিধি-১২ এবং ভবনের উচ্চতা সম্পর্কিত নির্দেশনা অনুযায়ী ভবনের উচ্চতা বা তলার সংখ্যা নির্ধারিত হবে। এক্ষেত্রে বিল্ডিং কন্সট্রাকশন কমিটি/অনুমোদনকারী সংস্থার সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। চ) বিল্ডিংকন্সট্রাকশন কমিটি/অনুমোদনকারী সংস্থার নীতিমালা/আইন, মহানগর পরিবেশ বিষয়ক সমন্বিত

		নীতিমালা এবং ইমারত নির্মাণ বিধিমালা, ১৯৯৬ অনুসরণে প্রস্তাবিত ভবনটি নির্মাণের ক্ষেত্রে ভবনের চতুর্দিকে খোলা জায়গা ছেড়ে দিতে হবে এবংFloor Area Ratio (FAR)বজায় রাখতে হবে। যথাযথ পার্কিং ফ্যাসিলিটি বজায় রেখে (আবাসিক ক্ষেত্রে প্রতি ফ্লাটের জন্য ১টি করে কার পার্কিং) ভবনের নির্মাণ কাজের প্ল্যান/ডিজাইন প্রণয়ন এবংতা পৌরসভা/অনুমোদনকারী সংস্থা কর্তৃক অনুমোদিত হবার পর নির্মাণ কাজ শুরু করতে হবে। ছ) বিল্ডিংয়ের সম্মুখস্থ/চতুর্পার্শ্বস্থ খোলা জায়গা কোন অবস্থাতেই পাকা করা যাবে না। সম্মুখস্থ এবং অপর তিন পার্শ্বস্থ খোলা জায়গায় উপযুক্ত প্রজাতির ফলজ, বনজ ও ঔষধি গাছ লাগাতে হবে। জ) প্রস্তাবিত ভবনের সম্মুখে যেন যানজটের সৃষ্টি না হয় সেলক্ষ্যে প্রয়োজন বোধে নিজস্ব লোকবল নিয়োজিত করতে হবে। ঝ) পৃথকভাবে ছাড়পত্র গ্রহণ সাপেক্ষে শব্দ ও বায়ু দূষণ নিয়ন্ত্রণের লক্ষ্যে গ্যাস ভিত্তিক শব্দবিহীন জেনারেটর (Gas based Noiseless Generator) ভবনে ব্যবহার করা যাবে। ঞ) প্রস্তাবিত ভবনের প্ল্যান/ডিজাইনে জেনারেটর রুম, ওয়াটার ট্যাংক, Garbage Chute, Waste collection bin প্রযোজ্য ক্ষেত্রে septic tank & soak-well, Fire Escape ইত্যাদির Provision রেখে ইমারত নির্মাণ বিধিমালার আলোকে ভবন নির্মাণকরতে হবে। ট) Rain Water Hervesting ও গৃহস্থলীর কাজে ব্যবহৃত পানি Recycling -এর ব্যবস্থা রাখতে হবে। ঠ) প্রস্তাবিত ভবনে কোন অবস্থাতেই শিল্প কারখানা বা অনুরুপ কোন প্রতিষ্ঠান স্থাপন করা যাবে না। ড) রাতে Noise Nuisance সৃষ্টি রোধ কল্পে সন্ধ্যা-৭.০০ ঘটিকার পর Noise সৃষ্টি জনিত সকল কার্যক্রম বন্ধ রাখতে হবে। ঢ) নির্মাণ কালীন যে কোন প্রকার ক্ষয়ক্ষতির জন্য উদ্যোক্তা ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবে। ণ) এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না। ত) নিজস্ব ব্যবস্থায় বিদ্যুৎ উৎপাদন করতে হলে তার জন্য পৃথকভাবে অত্র দপ্তর থেকে ছাড়পত্র গ্রহণ করতে হবে। থ) আইইই প্রতিবেদনে উল্লিখিত মিটিগেশন মেজার্স ও সকল সেবাদানকারী সংস্থার সুপারিশ যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। দ) এ দপ্তরের পূর্বানুমতি ব্যতীত দাখিলকৃত তথ্যাদির কোন রুপ পরিবর্তন করা যাবে না। ধ) প্রকল্পের অভ্যন্তরে শ্রমিকদের স্বাস্থ্যসম্মত পরিবেশ এবংনিরাপত্তামূলক ব্যবস্থা নিশ্চিত করতে হবে এবং সম্ভাব্য অগ্নিদূর্ঘটনা রোধকল্পে অগ্নিনির্বাপক যন্ত্রাদির ব্যবস্থা রাখতে হবে। ন) ভবননির্মাণ-এর ফলে রাস্তা ক্ষতিগ্রস্ত হলে প্রকল্প নির্মাণকারী প্রতিষ্ঠানকে নিজ খরচে রাস্তা মেরামত করে দিতে হবে। আলোচ্য শর্ত পূরণে ব্যর্থ হলে পৌরসভা/সংশ্লিষ্ট কর্তৃপক্ষ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে পারবে। প) উল্লিখিত শর্তসমূহ বাস্তবায়ন করে পরিবেশগ তছাড়পত্রের জন্যআবেদন করতে হবে। উল্লিখিতশর্ত বাস্তবায়ন ব্যতীত পরিবেশগত ছাড়পত্রের জন্য আবেদন গ্রাহ্য করা হবেনা। ফ) এই ছাড়পত্র জারীর তারিখ হতে পরবর্তী ১ (এক) বৎসরের জন্য বহাল থাকবে এবংমেয়াদ শেষ হবার অন্ততঃ ৩০ (ত্রিশ) দিন পূর্বে তানবায়নের জন্য আবেদন করতে হবে। ব) অত্র ছাড়পত্রের শর্ত অনুসরনপূর্বক ভবনের প্ল্যান প্রস্তুতকরতঃ প্ল্যান পাসের জন্য গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধিনস্ত উন্নয়ন কর্তৃপক্ষ সমূহের আওতা বহির্ভূত এলাকায় সুউচ্চভবন নির্মাণের নকশা অনুমোদন এবং ভবনের গুনগত মান নিশ্চিতকরণ কমিটিতে জমা দিতে হবে। ভ) এ পর্যায়ে প্রাপ্ত ও পরিবেশিত তথ্যের ভিত্তিতে এ ছাড়পত্র প্রদান করা হলো। পরবর্তীতে কোন তথ্য অসম্পূর্ণ, ক্রটিপূর্ণ বা অসত্য কিংবা গোপন করা হয়েছে মর্মে প্রমানিত হলে এ ছাড়পত্র বাতিল করা হবে। ম) উপরিল্লিখিত শর্তের যে কোনটি লঙ্ঘন করলে এ ছাড়পত্র বাতিল বলে গণ্য হবে এবংকারখানার বিরুদ্ধে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত) এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ এ প্রদত্ত ক্ষমতা বলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforceকরা হবে।
২.	মেসার্স ছোয়া সেমি অটো চাউল কল সাং-সেনগাতী, চান্দাইকোনা, রায়গঞ্জ, সিরাজগঞ্জ অটোমেশন নং-১৩০৮১৩ কার্যক্রমঃ সেমি অটো রাইস মিল	উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, আইইই প্রতিবেদন, অন্যান্য কাগজপত্র ও পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট দপ্তরের মতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে অত্র দপ্তর কর্তৃক নিম্নবর্ণিত বিশেষ শর্তের সাথে বিধি অনুযায়ী প্রযোজ্য ও প্রচলিত শর্ত আরোপ করে অবস্থানগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়ঃ ক. প্রকল্পের অবকাঠামো নির্মাণ কাজে সৃষ্ট বর্জ্য পরিকল্পিত উপায়ে সংগ্রহপূর্বক পরিবেশসম্মতভাবে অপসারণ করতে হবে। খ. কারখানাটির কোন কর্মকান্ড ও প্রক্রিয়া দ্বারা কোনভাবে পরিবেশ (মাটি, পানি, বায়ু ও শব্দ) দূষণ করা যাবে না।

		গ. রাইস মিলের উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎ সংশ্লিষ্ট কোন প্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি গ্রহণ করতে হবে। ঘ. অবকাঠামোগত উন্নয়নের আওতায় অন্যান্য বিষয়ের মধ্যে আইইই প্রতিবেদনে উল্লিখিত সকল মিটিগেশন মেজার্স বাস্তবায়ন করতে হবে। চাউল কলের দূষণ বন্ধে মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের নির্দেশনা অনুসারে মিলে সৃষ্ট গরম পানি/বর্জ্যপানি এবংকারখানা সৃষ্ট ছাই সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ঙ. সরকার অনুমোদিত 3R (Reduce, Reuse & Recycle) নীতি ও সকলপ্রকার Resource Conversion Plan বাস্তবায়ন করতে হবে।রাইস মিলে সৃষ্ট তরল বর্জ্য পুনরায় ব্যবহারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। চ. রাইস মিলের বিরুদ্ধে ভবিষ্যতে পরিবেশ দূষণমূলক কোন অভিযোগ উত্থাপিত ও অত্র দপ্তর কর্তৃক তা প্রমাণিত হলে অত্র দপ্তরের নির্দেশিত নিয়ন্ত্রণ/সংশোধনমূলক ব্যবস্থাদি (স্থানান্তর/কার্যক্রমবন্ধসহ) গ্রহণে রাইস মিলটি বাধ্যথা কবে। ছ. অবকাঠামো নির্মাণ ও অন্যান্য কার্যক্রম সমাপ্ত করে পরিবেশগত ছাড়পত্র গ্রহণের জন্য পুনরায় আবেদন দাখিল করতে হবে। জ. পরিবেশগত ছাড়পত্র গ্রহণ ব্যতিরেকে রাইস মিলটি পরীক্ষামূলক বাণিজ্যিক উৎপাদনে যেতে পারবে না। ঝ. অগ্নি-নির্বাপনকল্পে রাইস মিলে যথোপযুক্ত ব্যবস্থাদি যথাঃফায়ার এক্সিট, ফোমিং কম্পাউন্ডসহ ফায়ারহাইড্রেন্ট, ইমারজেন্সী লাইট স্থাপন, ভূ-গর্ভস্থবাভূ-উপরিস্থ জলাধারে সর্বদা পর্যাপ্ত পানি সংরক্ষণ ইত্যাদি ব্যবস্থাদি সার্বক্ষণিককার্যকরী রাখতে হবে। ঞ. কারখানায় কর্মরত শ্রমিকদের পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে। ট. প্রকল্প চত্বরে ন্যূনতম ৩৩% জায়গা উপযুক্ত প্রজাতির ফলজ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে। ঠ. এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না। ড. এ পর্যায়ে প্রাপ্ত ও পরিবেশিত তথ্যের ভিত্তিতে এ ছাড়পত্র প্রদান করা হলো। পরবর্তীতে কোন তথ্য অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, অসত্য কিংবা গোপন করা হয়েছে মর্মে প্রমাণিত হলে এ ছাড়পত্র বাতিলকরা হবে। ঢ. এই ছাড়পত্র জারীর তারিখ হতে পরবর্তী ১(এক) বৎসরের জন্য বহাল থাকবে এবংমেয়াদ শেষ হওয়ার অন্তত ৩০ (ত্রিশ) দিন পূর্বে উহা নবায়ন করতে হবে। এই ছাড়পত্র কোন অবস্থাতেই হস্তান্তর যোগ্য নয়। ণ. উপরিল্লিখিত শর্তের যে কোনটি লঙ্ঘন করলে এ ছাড়পত্র বাতিল বলে গণ্য হবে এবংরাইস মিলের বিরুদ্ধে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত) এবংপরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ এ প্রদত্ত ক্ষমতা বলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

খ) সুপারিশকৃত শিল্প/প্রকল্পসমূহঃ পরিবেশগত ছাড়পত্র

ক্র. নং	শিল্প প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ও নথি নং	সিদ্ধান্ত
১.	পি আর এগ্রো কর্পোরেশন কাঁচকুল, উত্তরহাটশহর, ক্ষেতলাল, জয়পুরহাট অটোমেশন নং-১২৬১৫৬ কার্যক্রমঃ পোল্ট্রি ফার্ম	উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইএমপি প্রতিবেদন, অন্যান্য কাগজপত্র ও পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়েরমতামত সভায় পর্যালোচনা করা হয়। সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে সংশ্লিষ্ট জেলা কার্যালয় থেকে উদ্যোক্তা কর্তৃক জমির মুল মালিকের অনাপত্তিপত্র দাখিল সাপেক্ষে নিম্নবর্ণিত বিশেষ শর্তের সাথে বিধি অনুযায়ী প্রযোজ্য ও প্রচলিত শর্ত আরোপ করে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়ঃ ক. পোল্ট্রি ফার্মের কোন কর্মকান্ড ও প্রক্রিয়া দ্বারা কোনভাবেই পরিবেশ দূষণ করা যাবে না। খ. পোল্ট্রি ফার্মের সৃষ্ট সকল বর্জ্য পরিকল্পিত উপায়ে সংগ্রহ অথবা পরিশোধনপূর্বক তা স্বাস্থ্য ও পরিবেশসম্মতভাবে অপসারণের ব্যবস্থা নিশ্চিত করতে হবে। গ. পোল্ট্রি ফার্মের বিরুদ্ধে ভবিষ্যতে পরিবেশ দূষণমূলক কোন অভিযোগ উত্থাপিত ও অত্র দপ্তর কর্তৃক তা প্রমাণিত হলে অত্র দপ্তরের নির্দেশিত নিয়ন্ত্রণ/সংশোধনমূলক ব্যবস্থাদি (স্থানান্তর/কার্যক্রমবন্ধসহ) গ্রহণ করতে আপনার প্রতিষ্ঠান/ফার্ম বাধ্য থাকবে। ঘ. অত্র দপ্তরের পূর্বানুমতি ব্যতীত দাখিলকৃত তথ্যাদি যেমন-পোল্ট্রিফার্মের অবস্থান, উৎপাদন প্রক্রিয়া ও উৎপাদন ক্ষমতার কোনরু পপরিবর্তন করা যাবে না। ঙ. পোল্ট্রি ফার্মটিতে প্রতিশিফ্টে ৩০,০০০ (তিরিশ হাজার) টির অধিক মুরগী পালন করা যাবে না। মুরগীর সংখ্যা বৃদ্ধি করার পূর্বে পরিবেশ অধিদপ্তরের অনুমতি গ্রহণ করতে হবে। চ. ফার্মটির লিটার অন্তত প্রতি ৫ দিন পরপর কাভার্ড ভ্যান বা ঢাকনাযুক্ত পাত্রে সরাসরি কৃষক বা

		ব্যবহারকারীর নিকট রাত ১১টা হতে ভোর ৫টার মধ্যে অপসারণ করতে হবে। ছ. পোল্ট্রি ফার্মে সৃষ্ট মরা মুরগী, পঁচা ডিম, মরা মুরগীর বাচ্চাসহ সকল বর্জ্য পরিকল্পিত উপায়ে সংগ্রহপূর্বক নিজস্ব ডাম্পিং গ্রাউন্ডে বিশেষজ্ঞের পরামর্শমতে পুতে রাখতে হবে। এক্ষেত্রে পার্শ্ববর্তী নদী, নালা, খালে নির্গমন করা যাবে না সেবিষয় নিশ্চিত করতে হবে। জ. ফার্মটিতে সৃষ্ট বর্জ্য পরিবেশসম্মতভাবে অপসারণের জন্য বায়ো গ্যাসপ্লান্ট ও ডাইজেস্টর সার্বক্ষণিক কার্যকর রাখতে হবে। ঝ. পোল্ট্রি ফার্মের অভ্যন্তরে কর্মরতদের স্বাস্থ্যসম্মত পরিবেশ এবং নিরাপত্তামূলক ব্যাবস্থা নিশ্চিত করতে হবে। ঞ. এ ছাড়পত্র মুরগীর খামার পরিচালনার ক্ষেত্রে প্রযোজ্য হবে। ট. প্রতিষ্ঠানটির পরিবর্ধন কিংবা উৎপাদন প্রক্রিয়ার পরিবর্তন/বৃদ্ধির ক্ষেত্রে পরিবেশ অধিদপ্তরের অনুমতি গ্রহণ করতে হবে। ঠ. মুরগীর বর্জ্য স্থানান্তরের ক্ষেত্রে সম্পূর্ণ আবদ্ধ অবস্থায় পরিবহন করতে হবে। ড. ফার্মটিতেউৎপাদনপ্রক্রিয়ায়সৃষ্টসম্ভাব্যদুর্গন্ধনিয়ন্ত্রণেরজন্যপ্রয়োজনীয়ব্যবস্থাগ্রহণকরতেহবে। ঢ. কর্মরত শ্রমিকদের জন্য Personal Protection Equipment যেমন নোজমাস্ক, হ্যাট, গ্লাভস ইত্যাদি ব্যবহার নিশ্চিত করতে হবে। ণ. ইএমপি প্রতিবেদনে উল্লিখিত সকল প্রশমনমূলক ব্যবস্থা যথাযথভাবে বাস্তবায়নপূর্বক সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে ত. ফার্মটির চারিপাশে গাছ পালার সবুজ বেষ্টনী গড়ে তুলতে হবে। থ. ফার্মটিতেবিদ্যুৎ সাশ্রয়ী বাল্ব যেমন, LED Bulb ব্যবহার করতে হবে। দ. বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত ২০১০) এবংপরিবেশ সংরক্ষণ বিধিমালা ১৯৯৭ (সংশোধিত ২০০২) এর সকল বিধি-বিধান প্রতি পালন করতে হবে। ধ. এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না। ন. এ পর্যায়ে প্রাপ্ত ও পরিবেশিত তথ্যের ভিত্তিতে এ ছাড়পত্র প্রদান করা হলো। পরবর্তীতে কোন তথ্য অসম্পূর্ণ, ক্রুটিপূর্ণ, অসত্য কিংবা গোপন করা হয়েছে মর্মে প্রমাণিত হলে এ ছাড়পত্র বাতিল করা হবে। প. এই ছাড়পত্র জারীর তারিখ হতে পরবর্তী ১(এক) বৎসরের জন্য বহাল থাকবে এবং মেয়াদ শেষ হওয়ার অন্তত ৩০(ত্রিশ) দিন পূর্বে উহা নবায়ন করতে হবে। এই ছাড়পত্র কোন অবস্থাতেই হস্তান্তর যোগ্য নয়। ফ. উপরিল্লিখিত শর্তের যে কোনটি লঙ্ঘন করলে এ ছাড়পত্র বাতিল বলে গণ্য হবে এবংপ্রতিষ্ঠানটির বিরুদ্ধে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত ২০১০) এবংপরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ এ প্রদত্ত ক্ষমতা বলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforceকরা হবে।
২.	মেসার্স পারফেক্ট পোল্ট্রি এন্ড হ্যাচারী আক্কেলপুর, বদলগাছী, নওগাঁ অটোমেশন নং-১২৯৬৯৬ কার্যক্রমঃ পোল্ট্রি হ্যাচারী	উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইএমপি প্রতিবেদন, অন্যান্য কাগজপত্র ও পরিদর্শকের পরিদর্শন প্রতিবেদন সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে অত্র বিভাগীয় কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত বিশেষ শর্তের সাথে বিধি অনুযায়ী প্রযোজ্য ও প্রচলিত শর্ত আরোপ করে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়ঃ ক. কারখানাটিরকোনকর্মকাণ্ড ও প্রক্রিয়াদ্বারাকোনভাবেপরিবেশ (মাটি, পানি, বায়ু ও শব্দঅন্যান্য) দূষণকরাযাবেনা। খ. ছাড়পত্র জারীর তিন মাসের মধ্যে মরা মুরগীর বাচ্চা ব্যবস্থাপনার জন্য ডাইজেস্টর স্থাপন করতে হবে। গ. কারখানার উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোন প্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতিগ্রহণকরতেহবে। ঘ. প্রতিষ্ঠানটিতে সৃষ্ট শব্দ, গ্যাসীয় নিঃসরণ ও তরল বর্জ্যের নির্গমন মাত্রা পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ এবং শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬ এর মানমাত্রার মধ্যে হতে হবে। ঙ. হ্যাচারিতে সৃষ্ট পচা ডিম, মরা মুরগির বাচ্চাসহ সকল বর্জ্য পরিকল্পিত উপায়ে সংগ্রহ অথবা পরিশোধনপূর্বক স্বাস্থ্যসম্মত পরিবেশসম্মত অপসারণের ব্যবস্থা নিশ্চিত করতে হবে। হ্যাচারিতে সৃষ্ট পচাডিম,মরা মুরগির বাচ্চাসহ কোন বর্জ্য নদী নালা খালে নির্গমন করা যাবে না। চ. প্রতিষ্ঠানটিতে কর্মরত শ্রমিকদের পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকল ব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে। ছ. প্রতিষ্ঠানটিতে ডিম থেকে মুরগীর বাচ্চা ফুটানো ব্যাতিত অন্য কোন প্রকার কার্যক্রম পরিচালনা করা যাবে না। জ. প্রতিষ্ঠানটিতে অগ্নি দূঘটনা রোধকল্পে কার্যকর ব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে। ঝ. প্রতিষ্ঠানটিতে সুপেয় পানির ব্যবস্থা নিশ্চিত করতে হবে। ঞ. প্রতিষ্ঠানটিতে স্বাস্থ্য সম্মত টয়লেট ব্যবস্থা গড়ে তুলতে হবে এবং তা সর্বদা পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে। ট. ফার্মটির বিরুদ্ধে পরিবেশ দূষণমুলক কোন অভিযোগ প্রমানিত হলে এ ছাড়পত্র বাতিল বলে গণ্য হবে।

		ঠ. পরিবেশ অধিদপ্তরের পরিদর্শক ও পরিদর্শনের ক্ষমতাপ্রাপ্ত অন্যান্য কর্মকর্তাগণ প্রকল্প পরিদর্শনকালে ছাড়পত্র/নবায়নপত্র দেখতে চাইলে তা দেখাতে হবে এবং ছাড়পত্র/নবায়নপত্র প্রকল্প অফিসের এমন স্থানে ঝুলিয়ে রাখতে হবে যাতে তা সহজে দেখা যায়। ড. ছাড়পত্র নবায়নের মেয়াদ শেষ হওয়ার অন্তত ৩০ (ত্রিশ) দিন পূর্বে নবায়নের জন্য আবেদন করতে হবে। ঢ. উপরিল্লিখিত শর্তের যে কোনটি লঙ্ঘন করলে এ ছাড়পত্র বাতিল বলে গণ্য হবে এবংপ্রতিষ্ঠানটির বিরুদ্ধে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত ২০১০) এবংপরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ এ প্রদত্ত ক্ষমতা বলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforceকরা হবে।
৩.	মেসার্স এইচ এস এ্যানিমাল হেলথ নাজিরপুর, নতুনহাট, পত্নীতলা, নওগাঁ অটোমেশন নং-১১৫১৬৯ কার্যক্রমঃ পশু ভিটামিন প্রিমিক্স	উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইএমপি প্রতিবেদন, অন্যান্য কাগজপত্র ও পরিদর্শকের পরিদর্শন প্রতিবেদন সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে অত্র বিভাগীয় কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত বিশেষ শর্তের সাথে বিধি অনুযায়ী প্রযোজ্য ও প্রচলিত শর্ত আরোপ করে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়ঃ ক. কারখানাটির কোন কর্মকাণ্ড ও প্রক্রিয়া দ্বারা কোনভাবে পরিবেশ (মাটি, পানি, বায়ু ও শব্দঅন্যান্য) দূষণ করা যাবে না। খ. কারখানাটিতে পশুর পুষ্টি/ভিটামিন প্রিমিক্স প্রস্তুতের জন্য এ ছাড়পত্র প্রযোজ্য হবে। কারখানার উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোন প্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি গ্রহণ করতে হবে। গ. কারখানাটিতে কোন প্রকার হিউম্যান ফার্মাসিউটিক্যালস এর উৎপাদন কার্যক্রম পরিচালনা করা যাবে না। ঘ. কারখানাটিতে ভিটামিন প্রিমিক্স প্রস্তুত ব্যতীত জেনেরিক ঔষধ প্রস্তুত ও ফরমুলেশন কার্যক্রম করা যাবে না। ঙ. কারখানায় পরিবেশগত ব্যবস্থাপনার জন্য যথাযথ ডিগ্রীধারী প্রশিক্ষিত জনবলরা খতে হবে। চ. কারখানাটিতে হাঁস, মুরগী ও গবাদি পশুর স্বাস্থ্যের পক্ষে ক্ষতিকর কোন ভিটামিন/খাদ্য প্রস্তুত করা যাবে না। ছ. সরকার অনুমোদিত 3R (Reduce, Reuse & Recycle) নীতি ও সকলপ্রকার Resource Conversion Planবাস্তবায়ন করতে হবে। জ. কারখানাটিতে উৎপাদিত ভিটামিন/খাদ্য খেয়ে হাঁস, মুরগী ও গবাদি পশুর কোন ক্ষতি হলে কারখানা কর্তৃপক্ষ কর্তৃক ক্ষতিপূরণ দিতে হবে এবং এ ছাড়পত্র বাতিল বলে গণ্য হবে। ঝ. কারখানায় কর্মরত শ্রমিকদের আই প্রটেক্টিভ গ্লাস, মাস্ক, গ্লোভস ইত্যাদিসহ নিরাপত্তামূলক ব্যবস্থা নিশ্চিত করতে হবে। প্রতিষ্ঠানে সুপেয় পানিরব্য বস্থা ও স্বাস্থ্যসম্মত টয়লেট ব্যবস্থা গড়ে তুলতে হবে এবং তা সর্বদা পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে। ঞ. অগ্নি-নির্বাপনকল্পে কারখানায় যথোপযুক্ত ব্যবস্থাদি যথাঃফায়ার এক্সিট, ফোমিং কম্পাউন্ডসহ ফায়ার হাইড্রেন্ট, ইমারজেন্সী লাইট স্থাপন, ভূ-গর্ভস্থ বা ভূ-উপরিস্থ জলাধারে সর্বদা পর্যাপ্ত পানি সংরক্ষণ ইত্যাদি ব্যবস্থাদি সার্বক্ষণি ককার্যকরী রাখতে হবে। ট. কারখানাটির বিরুদ্ধে ভবিষ্যতে পরিবেশ দূষণমূলক কোন অভিযোগ উত্থাপিত এবং অত্র দপ্তর কর্তৃক তদন্ত ক্রমে প্রমানিত হলে অত্র দপ্তরের নির্দেশিত নিয়ন্ত্রণ/সংশোধনমূলক বাবস্থাদি (স্থানান্তর/কার্যক্রমবন্ধ) গ্রহণ করতে কারখানাটি বাধ্য থাকবে। ঠ. এ পর্যায়েপ্রাপ্ত ও পরিবেশিত তথ্যের ভিত্তিতে এ ছাড়পত্র প্রদান করা হলো। পরবর্তীতে কোন তথ্য অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, অসত্য কিংবা গোপন করা হয়েছে মর্মে প্রমাণিত হলে এ ছাড়পত্র বাতিল করা হবে। ড. এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না। ঢ. উদ্যোক্তা কর্তৃক আগামী ০৩ (তিন) মাসের মধ্যে প্রাণি সম্পদ অধিদপ্তরের হালনাগাদ লাইসেন্স পরিবেশ অধিদপ্তরে দাখিল করতে হবে। ণ. উপরিল্লিখিত শর্তের যে কোনটি লঙ্ঘন করলে এ ছাড়পত্র বাতিল বলে গণ্য হবে এবংকারখানার বিরুদ্ধে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত) এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ এ প্রদত্ত ক্ষমতা বলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।
৪.	সততা চাউল কল বটতলা বাজার, ক্ষেতলাল, জয়পুরহাট অটোমেশন নং-১২৬৪৬৫ কার্যক্রমঃ চাতাল	উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইএমপি প্রতিবেদন, অন্যান্য কাগজপত্র ও পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়েরমতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে সংশ্লিষ্ট জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত বিশেষ শর্তের সাথে বিধি অনুযায়ী প্রযোজ্য ও প্রচলিত শর্ত আরোপ করে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়ঃ ক. রাইস মিলের কোন কর্মকাণ্ড ও প্রক্রিয়া দ্বারা কোনভাবে পরিবেশ (মাটি, পানি, বায়ু ও শব্দ) দূষণ করা যাবে না। খ. রাইস মিলে ধান হতে চাউল উৎপাদনকারী রাইস মিলের জন্য এ ছাড়পত্র প্রযোজ্য হবে। কারখানার উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোন প্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি গ্রহণ করতে হবে। গ. রাইস মিলের উৎপাদন প্রক্রিয়ায় বিভিন্ন ইউনিট হতে বস্তুকণার (Particulate Matters)

		নির্গমন পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭-এ উল্লেখিত মানমাত্রার মধ্যে হতে হবে। এছাড়া মিলে সৃষ্ট ডাস্ট/তুষের গুড়া নিয়ন্ত্রণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ঘ. রাইস মিলের দূষণ বন্ধে মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্টে বিভাগের নির্দেশনা অনুসারে মিলে সৃষ্ট গরম পানি/বর্জ্য পানি খোলা জমিতে নিঃসরণ না করে পানি সংরক্ষণাগারে সংরক্ষণ ও ঠান্ডা করতে হবে এবংপ্রয়োজনে পানি পুনরায় ব্যবহার করতে হবে এবং রাইস মিলে সৃষ্ট তুষ, ছাই ও ধূলিকণা কারখানার নিজস্ব জায়গায় বেষ্টনীযুক্ত গর্তে পরিবেশ সম্মতভাবে সংরক্ষণ করতে হবে। উক্ত ছাই/ধূলিকণা মিল থেকে অপসারণের সময় আচ্ছাদিত যানবাহন ব্যবহার করতে হবে। কোন অবস্থাতেই নদী নালা, খাল-বিল, ডোবা বা পুকুরে ফেলে ভরাট কাজ অথবা পরিবেশ দূষণ করা যাবে না। ঙ. রাইস মিলে বায়বীয় বর্জ্য নির্গমনের জন্য ন্যূনতম ৫০ ফুট উচু চিমনী নির্মাণ ও সার্বক্ষণিক কার্যকরীভাবে চালু রাখতে হবে। চ. রাইস মিলের উৎপাদন প্রক্রিয়ায় সৃষ্ট গরম পানি কখনই গরম অবস্থায় বাইরে নির্গত করা যাবেনা। ছ. পণ্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন-২০১০ ও বিধি দ্বারা নির্ধারিত পণ্য সমূহের মোড়কীকরণের জন্য ডব্লিউ পি পি ব্যাগ ব্যবহার করা যাবে না। জ. রাইস মিলে প্রয়োজনীয় ক্ষমতার বৈদ্যুতিক মোটর ব্যবহার করা যাবে। ঝ. রাইস মিলে কর্মরত শ্রমিকদের স্বাস্থ্য সম্মত এবং নিরাপত্তামূলক পরিবেশ ব্যবস্থা নিশ্চিত করতে হবে। ঞ. রাইস মিলে অগ্নি-দুর্ঘটনা নিয়ন্ত্রণকল্পে যথোপযুক্ত অগ্নি নির্বাপক ব্যবস্থা গড়ে তুলতে হবে। ট. রাইস মিলের বিরুদ্ধে ভবিষ্যতে পরিবেশ দূষণমূলক কোন অভিযোগ উত্থাপিত ও অত্র দপ্তর কর্তৃক তা প্রমাণিত হলে অত্র দপ্তরের নির্দেশিত নিয়ন্ত্রণ/সংশোধনমূলক ব্যবস্থাদি (স্থানান্তর/কার্যক্রম বন্ধসহ) গ্রহণে প্রতিষ্ঠানটি বাধ্য থাকবে। ঠ. এ পর্যায়েপ্রাপ্ত ও পরিবেশিততথ্যেরভিত্তিতে এ ছাড়পত্রপ্রদানকরাহলো। পরবর্তীতেকোনতথ্য অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, অসত্যকিংবাগোপনকরাহয়েছেমর্মেপ্রমাণিতহলে এ ছাড়পত্রবাতিলকরাহবে। ড. এইছাড়পত্রভূমিরমালিকানাস্বত্বনির্ধারণকরেনা। ঢ. রাইস মিলের চারপার্শ্বে সম্ভাব্য সকল স্থানে উপযুক্ত প্রজাতির ও সংখ্যক বৃক্ষ রোপণপূর্বক সবুজ বেষ্টনী গড়ে তুলতে হবে। ণ. এই ছাড়পত্র জারীর তারিখ হতে পরবর্তী ১(এক) বৎসরের জন্য বহাল থাকবে। মেয়াদ শেষ হওয়ার অন্ততঃ৩০(ত্রিশ) দিন পূর্বে নবায়ন করতে হবে। ত. উপরিল্লিখিত শর্তের যে কোনটি লঙ্ঘন করলে এ ছাড়পত্র বাতিল বলে গণ্য হবে এবংরাইস মিলের বিরুদ্ধে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত) এবংপরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ এ প্রদত্ত ক্ষমতা বলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।
৫.	আকবরিয়া ব্রেড এন্ড বিস্কুট ফ্যাক্টরী বিসিক শিল্প নগরী, সদর, বগুড়া অটোমেশন নং-১০৯৬৪৬ কার্যক্রমঃ বেকারী (রুটি, বিস্কিট, কেক)	উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইএমপি প্রতিবেদন, অন্যান্য কাগজপত্র ও পরিদর্শন প্রতিবেদন এবং সংশ্লিষ্ট জেলা কার্যালয়েরমতামত সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে সংশ্লিষ্ট জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত বিশেষ শর্তের সাথে বিধি অনুযায়ী প্রযোজ্য ও প্রচলিত শর্ত আরোপ করে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়ঃ ক. কারখানাটির কোন কর্মকান্ড ও উৎপাদন প্রক্রিয়া দ্বারা কোনভাবেই পরিবেশ (মাটি, পানি, বায়ু ও শব্দ) দূষণ করা যাবে না। খ. কারখানার বিরুদ্ধে ভবিষ্যতে পরিবেশ দূষণমূলক কোন অভিযোগ উত্থাপিত ও অত্র দপ্তর কর্তৃক তা প্রমাণিত হলে অত্র দপ্তরের নির্দেশিত নিয়ন্ত্রণ/সংশোধনমূলক ব্যবস্থাদি (স্থানান্তর/কার্যক্রম বন্ধসহ) গ্রহণে কারখানাটি বাধ্য থাকবে। গ. কারখানায় সৃষ্ট সকল বর্জ্য পরিকল্পিত উপায়ে সংগ্রহপূর্বক তা অপসারণ করতে হবে। কারখানাসৃ ষ্ট গ্যাসীয় পদার্থ (ধোঁয়া) নির্গমনের জন্য এক্সজস্ট ফ্যান স্থাপন করতে হবে এবংতা সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে। ঘ. কারখানার অভ্যন্তরে কর্মরতদের স্বাস্থ্যসম্মত ও নিরাপত্তামূলক পরিবেশ ব্যবস্থা নিশ্চিত করতেহবে। ঙ. কারখানাটিতে বিস্কুট, চানাচুর, আচার, হলুদ, মরিচ গুড়া প্রস্তুতের জন্য এ ছাড়পত্র প্রযোজ্য হবে। ভবিষ্যতে উৎপাদন পদ্ধতির এবং অবকাঠামোর কোন পরিবর্তন করতে হলে পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি গ্রহণ করতে হবে। চ. কারখানটির উৎপাদন প্রক্রিয়ায় মানব দেহের ক্ষতিকারক কোন প্রকার কেমিক্যাল ব্যবহার করা যাবে না। ছ. কারখানায় উৎপাদিত পণ্য বাজারজাত করার পূর্বে BSTI এর লাইসেন্স গ্রহণ করতে হবে। আগামী বছর নবয়নের আবেদনের সাথে তা অত্র দপ্তরে দাখিল করতে হবে। BSTI এর লাইসেন্স ব্যতীত পরিবেশগত ছড়াপত্র নবায়ন করা যাবে না। জ. কারখানাটিতেঅগ্নি-নির্বাপন কল্পে যথাযথ ব্যবস্থাদি সর্বদা কার্যকরী রাখতে হবে।

		ঝ. পরিবেশগত ছাড়পত্র ভূমির মালিকানার নিশ্চয়তা দেয় না। উক্ত ভূমি/জমিরমালিকানা/ভোগ দখল সংক্রান্ত কোন অভিযোগ উত্থাপিত হলে এ ছাড়পত্র বাতিল করাহবে। এই ছাড়পত্র কোন অবস্থাতেই হস্তান্তরযোগ্য নয়। ঞ. এ পর্যায়ে প্রাপ্ত ও পরিবেশিত তথ্যের ভিত্তিতে এ ছাড়পত্র প্রদান করাহলো। পরবর্তীতে কোন তথ্য অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, অসত্য কিংবা গোপন করা হয়েছে মর্মে প্রমাণিত হলে এ ছাড়পত্র বাতিল করা হবে। ট. ছাড়পত্র/নবায়ন পত্রের শর্তসমূহ বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত-২০১০) এরধারা ৪ অনুসারে নির্দেশ হিসাবে গন্য হবে। ঠ. এই ছাড়পত্র জারীর তারিখ হতে পরবর্তী ১(এক) বৎসরের জন্য বহাল থাকবে এবংমেয়াদ শেষ হবার অন্ততঃ ৩০ (ত্রিশ) দিন পূর্বে নবায়নের জন্য আবেদন করতে হবে। ড. উপরিল্লিখিত শর্তের যে কোনটি লঙ্ঘন করলে এ ছাড়পত্র বাতিল বলে গণ্য হবে এবংরাইস মিলের বিরুদ্ধে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত) এবংপরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ এ প্রদত্ত ক্ষমতা বলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।
৬.	সোনার মদিনা স্পিনিং মিলস সাং-কুটিরচর, কামারখন্দ, সিরাজগঞ্জ অটোমেশন নং-১২২৪৪৬ কার্যক্রমঃ সুতা তৈরী	উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, পরিদর্শন প্রতিবেদন, অন্যান্য কাগজপত্র ও জেলা কার্যালয়ের সুপারিশ সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে সংশ্লিষ্ট জেলা কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত শর্তের পাশাপাশি বিধি মোতাবেক প্রযোজ্য ও প্রচলিত শর্তে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়ঃ ক) এ ছাড়পত্র তুলা হতে সুতা তৈরির ক্ষেত্রে প্রযোজ্য হবে। খ) কারখানায় উপযুক্ত ডাস্ট কালেক্টিং সিস্টেম সর্বদা কার্যকরীভাবে চালু রাখতে হবে। গ) Differential Pressure মাপার জন্য Dust collector এর সাথে Manometer বসাতে হবে। ঘ) ডাস্ট কালেক্টর সিস্টেম অকার্যকর হলে কারখানার উৎপাদন বন্ধ রাখতে হবে। ডাস্ট কালেক্টর সংস্কার করে পুনরায় উৎপাদন শুরু করা যাবে। ঙ)কারখানার শব্দ এবং তরল/বায়বীয় বর্জ্য নিঃসরণ/নির্গমন মাত্রা যথাক্রমে শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা-২০০৬ এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭-এ বর্ণিত মানমাত্রার মধ্যে হতে হবে। শব্দ দূষণ নিয়ন্ত্রণে শব্দরোধক ব্যবস্থা গ্রহণ করতে হবে। চ) বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ (সংশোধিত ২০১০) এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা ১৯৯৭ (সংশোধিত ২০০২) এর সকল বিধিবিধান প্রতি পালন করতে হবে। ছ) ইএমপি প্রতিবেদনে উল্লেখিত সকল প্রশমনমূলক ব্যবস্থাদি যথাযথভাবে বাস্তবায়ন ও কার্যকরী করতে হবে। জ) প্রতি ছয় মাস অন্তর কারখানার পরিবেস্টক বায়ুর গুণগতমান পরীক্ষাপূর্বক অত্র দপ্তরে দাখিল করতে হবে। ঝ) কারখানা সৃষ্ট বর্জ্য পরিবেশসম্মতভাবে অপসারনের ব্যবস্থা করতে হবে। ঞ)অগ্নি নির্বাপনকল্পে কারখানায় অগ্নি নির্বাপন ব্যবস্থাদি সার্বক্ষনিক কার্যকরী রাখতে হবে। ট) কর্মরত শ্রমিকদের জন্য Personal Protection Equipment যেমন ইয়ার প্লাগ, নোজ মাস্ক (রেসপিরেটরি মাস্ক), সেফটি গ্লাস ইত্যাদি ব্যবহার নিশ্চিত করতে হবে। ঠ) কারখানায় উপযুক্ত স্থানে বৃক্ষ রোপন করতে হবে।
৭	মেসার্স ফাতেমা ম্যাট ইলশাবাড়ী, চন্ডিপুর, সদর, নওগাঁ অটোমেশন নং-১৩১০২৭ কার্যক্রমঃ মাদুর তৈরী	উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, ইএমপি প্রতিবেদন, অন্যান্য কাগজপত্র ও পরিদর্শকের পরিদর্শন প্রতিবেদন সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে অত্র বিভাগীয় কার্যালয় কর্তৃক নিম্নবর্ণিত বিশেষ শর্তের সাথে বিধি অনুযায়ী প্রযোজ্য ও প্রচলিত শর্ত আরোপ করে পরিবেশগত ছাড়পত্র জারীর সুপারিশ গৃহীত হয়ঃ ক. কারখানাটির কোন কর্মকাণ্ড ও প্রক্রিয়া দ্বারা কোনভাবে পরিবেশ (মাটি, পানি, বায়ু ও শব্দ) দূষণ করা যাবে না। খ. কারখানাটির শব্দ, গ্যাসীয় নিঃসরণ ও তরল বর্জ্যের নির্গমন মাত্রা যথাক্রমে শব্দ দূষণ (নিয়ন্ত্রণ) বিধিমালা-২০০৬ এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ এ বর্ণিত মানমাত্রার মধ্যে হতে হবে। গ. কারখানাটিতে মাদুর প্রস্তুতের জন্য এ ছাড়পত্রপ্রযোজ্যহবে। কারখানার উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ, উৎপাদন প্রক্রিয়া বা তৎ সংশ্লিষ্ট কোন প্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি গ্রহণ করতে হবে। ঘ. বায়বীয় বর্জ্য নির্গমনের জন্য স্থাপিত এক্সজস্ট ফ্যান সার্বক্ষণিক কার্যক্ষম রাখতে হবে। ঙ. ইএমপি প্রতিবেদনে বর্ণিত সকল মিটিগেশন মেজার্স যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। চ. অগ্নি-নির্বাপন কল্পে কারখানায় যথোপযুক্ত ব্যবস্থাদি যথাঃ ফায়ার এক্সিট, ফোমিং কম্পাউন্ডসহ ফায়ার হাইড্রেন্ট, ইমারজেন্সী লাইট স্থাপন, ভূ-গর্ভস্থ বাভূ-উপরিস্থ জলাধারে সর্বদা পর্যাপ্ত পানি সংরক্ষণ ইত্যাদি ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে। ছ. পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকল ব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে। শ্রমিকদের নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা করতে হবে এবংএতদসংক্রান্ত রেকর্ড সংরক্ষণ করতে হবে। জ. কারখানাটির চারপার্শ্বে সম্ভাব্য সকল স্থানে উপযুক্ত প্রজাতির ও সংখ্যক বৃক্ষ রোপণপূর্বক সবুজ বেষ্টনী গড়ে তুলতে হবে।

		ঋ. এই ছাড়পত্র ভূমির মালিকানা স্বত্ব নির্ধারণ করে না। ঞ. কারখানাটির বিরুদ্ধে ভবিষ্যতে পরিবেশ দূষণমূলক কোন অভিযোগ উত্থাপিত ও অত্র দপ্তর কর্তৃক তা প্রমাণিত হলে অত্র দপ্তরের নির্দেশিত নিয়ন্ত্রণ/সংশোধনমূলক ব্যবস্থাদি (স্থানান্তর/কার্যক্রম বন্ধসহ) গ্রহণে কারখানাটি বাধ্য থাকবে। ট. এ পর্যায়েপ্রাপ্ত ও পরিবেশিততথ্যেরভিত্তিতে এ ছাড়পত্রপ্রদানকরাহলো। পরবর্তীতেকোনতথ্য অসম্পূর্ণ, ক্রুটিপূর্ণ, অসত্যকিংবাগোপনকরাহয়েছেমর্মেপ্রমাণিতহলে এ ছাড়পত্রবাতিলকরাহবে। ঠ. এই ছাড়পত্র জারীর তারিখ হতে পরবর্তী ১(এক) বৎসরের জন্য বহাল থাকবে এবং মেয়াদ শেষ হওয়ার অন্তত ৩০(ত্রিশ) দিন পূর্বে উহা নবায়ন করতে হবে। এই ছাড়পত্র কোন অবস্থাতেই হস্তান্তর যোগ্য নয়। ড. উপরিল্লিখিত শর্তের যে কোনটি লঙ্ঘন করলে এ ছাড়পত্র বাতিল বলে গণ্য হবে এবংরাইস মিলের বিরুদ্ধে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত) এবংপরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ এ প্রদত্ত ক্ষমতা বলে উপরিল্লিখিত শর্তসমূহ Enforce করা হবে।

গ) সুপারিশবিহীন শিল্প/প্রকল্পসমূহঃ অবস্থানগত ছাড়পত্র

ক্র. নং	শিল্প প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ও নথি নং	সিদ্ধান্ত
১.	আবুল উলাইয়া স্পিনিং লিমিটেড সাং-ভদ্রঘাট, কামারখন্দ, সিরাজগঞ্জ। অটোমেশন নং-১৩০৩৬৭	উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত আবেদনপত্র, পরিদর্শন প্রতিবেদনে উল্লেখিত প্রকল্পের প্রস্তাবিত অবস্থান, অন্যান্য কাগজপত্র ও জেলা কার্যালয়ের সুপারিশ সভায় পর্যালোচনা করা হয়। পর্যালোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ ১) প্রকল্পের জমিতে এসএ ও আরএস রেকর্ড অনুযায়ী পুকুর বা জলাধার শ্রেণীর ভূমি নেই মর্মে সহকারী কমিশনার (ভূমি) এর প্রত্যয়ন পত্র; ২) যদি পুকুর/জলাধার শ্রেণীর ভূমি থাকে সেক্ষেত্রে পুকুর/জলাধার সংরক্ষন সম্পর্কিত পরিকল্পনা/মতামত; ৩) আবেদনে উল্লিখিত জমির পরিমান ও স্হানীয় কর্তৃপক্ষের অনাপত্তিপত্রে জমির পরিমানের মধ্যে অমসঞ্জস্যতা পরিলক্ষিত হয়। এক্ষেত্রে সহকারী কমিশনার (ভূমি) এর নিকট হতে পরিবেশগত ছাড়পত্র আবেদনে উল্লিখিত জমির স্বপক্ষে মালিকানার প্রমাণক; ৪) পার্শ্ববর্তী AgroSAL Ltd. এর যে অংশটুকু ভাড়া নেয়া হয়েছে তার সাথে AgroSAL Ltd. পরেবেশগত ছাড়পত্রের আবেদনে দাখিলকৃত লেআউট প্লানের সাথে সাংঘর্ষিক কিনা তার প্রমাণক; ৫) প্রস্তাবিত প্রকল্পের সীমানা প্রচীরের মধ্যে অবস্থিত ৮-১০ টি পরিবারকে পূর্নবাসন করে তার প্রমাণক।

(Avmv`yi ingvb)
DccwiPvjK (M‡elYvMvi)
I
সদস্য সচিব

(মুসতাসির মামুন মুন)
সহকারী পরিচালক
ও
সদস্য

(তামিম হাসান)
mnKvix cwiPvjK
I
m`m¨

(gvn_xi web †gvnv¤§`)
mnKvix cwiPvjK
I
m`m¨

(mywdqv bvwRg)
cwiPvjK
I
AvnevqK

মাঘ ১৪২৮

স্মারক নং-২২.০২.১০২০.২২১.০৬.০০৪.১৮ (২য় খণ্ড). তারিখ:-------------

----

জানুয়ারী ২০২২

অনুলিপিঃ সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য
১। উপপরিচালক, পরিবেশ অধিদপ্তর, রাজশাহী জেলা কার্যালয়, রাজশাহী
২। সহকারী পরিচালক, পরিবেশ অধিদপ্তর, নওগাঁ জেলা কার্যালয়, নওগাঁ

৩। সহকারী পরিচালক, পরিবেশ অধিদপ্তর, পাবনা জেলা কার্যালয়, পাবনা

৪। সহকারী পরিচালক, মহাপরিচালক মহোদয়ের দপ্তর, পরিবেশ অধিদপ্তর, সদর দপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

(Avmv`yi ingvb)
DccwiPvjK (M‡elYvMvi)
I
সদস্য সচিব